



## শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

নং: এসএমইউসিটি/সংস্থাপন(সাধা)/অভ্য/নোটিশ/২৫/০৬/৭৮

তারিখ: ১৪-০৭-২০২৫

### ‘জুলাই স্মরণ’ অনুষ্ঠান সংক্রান্ত বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি উপলক্ষ্যে আগামী ১৮ জুলাই ২০২৫ তারিখ বেলা ৩:৩০ মিনিটে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজিতে ‘জুলাই স্মরণ’ অনুষ্ঠানে আলোচনা, আহত যোদ্ধাদের স্মৃতিচারণ, প্রামাণ্যচিত্র প্রদর্শনী, স্থিরচিত্র প্রদর্শনী ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

একই সাথে স্থিরচিত্র প্রদর্শনীর জন্য শিক্ষার্থী/শিক্ষকদের কাছে সংরক্ষিত জুলাই গণঅভ্যুত্থানের ১টি ছবি (যদি থাকে) ই-মেইলে (ferosealmamun01@gmail.com) আগামী ১৬ জুলাই ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

অত্র বিশ্ববিদ্যালয়ের জুলাই গণঅভ্যুত্থান অংশগ্রহণকারী আহত শিক্ষার্থী এবং সমন্বয়কসহ অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

উক্ত অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

এই নোটিশটি মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।

 14.07.25

(ড. পাড় মশিযূর রহমান)  
রেজিস্ট্রার



অনুলিপি :

১. সংশ্লিষ্ট সকল
২. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অবগতির জন্য)
৩. সচিব, বোর্ড অব ট্রাস্টিজ (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৪. নোটিশ বোর্ড/অফিস নথি